10 MAY 2017

# একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু

## অনলাইনে চার ঘণ্টায় ৪০ হাজার আবেদন

নিজস্ব বার্তা পরিবেশক

এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের একাদশ শ্রেণীতে অনলাইন ও এসএমএসে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। প্রথমদিন চার ঘণ্টায় সারাদেশের কলেজে অনলাইন ও এসএমএসে ৪০ হাজারের বেশি আবেদন জমা পড়েছে।

গতকাল বেলা ১২টায় ঢাকা শিক্ষা বোর্ডের সম্মেলন কক্ষে ভর্তি কার্যক্রমের উদ্বোধন করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন। এরপর বেলা ২টা থেকে আবেদন গ্রহণ শুরু হয়।

এ ব্যাপারে ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন গতকাল সন্ধ্যায় সংবাদকে বলেন, 'দুপুর ২টা থেকে আবেদন নেয়া শুরু হয়েছে। এরপর ভর্তি : পৃষ্ঠা : ১৫ ক : ৭

## ভর্তি : কার্যক্রম

(১ম পৃষ্ঠার পর)

বেলা ২টা থেকে সোয়া ৬টা পর্যন্ত অনলাইনে ৩২ হাজার ৬৮৯টি এবং এসএমএসে আট হাজার ২৭৯টি আবেদন জমা পড়েছে।'

ভর্তি কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষা সচিব বলেন, 'আজ (গতকাল) থেকে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য ইন্টারনেট অথবা মোবাইল এসএমএসের মাধ্যমে আবেদন করা যাবে। সঠিকভাবে তথ্য দিয়ে এ পদ্ধতিতে ছাত্রছাত্রীরা সহজেই আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ফলে শিক্ষার্থী ও অভিভাবকগণ ভোগান্তি থেকে রক্ষা পাবেন। ভর্তির সময় আগে যে কষ্ট হতো, আর্থিক সংশ্লেষ ছিল, এসব থেকে রক্ষা পাবে। সরকারের ডিজিটাল সেবা প্রদানের ক্ষেত্রে এটা একটি অন্যতম উদাহরণ।'

শিক্ষা মন্ত্রণালয় আগামী প্রজন্মকে ভালোভাবে গড়ে তোলার স্বার্থে বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে জানিয়ে সচিব বলেন, 'শিক্ষা প্রতিষ্ঠানে যাতে শিক্ষার গুণগত মান বৃদ্ধি পায় সে বিষয়ে আমরা বদ্ধপরিকর। পরীক্ষায় অসাধু উপায় অবলম্বনের কোন সুযোগ থাকবে না। আমরা চাই আগামী প্রজন্ম ভালোভাবে গড়ে উঠুক। শিক্ষার্থীরা প্রকৃতই জ্ঞান অর্জন করে ভালো গ্রেড লাভ করুক।'

অনুষ্ঠানে কারিগরি ও মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মোল্লা জালাল উদ্দিন, আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মাহাবুবুর রহমান এবং বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মো. কায়কোবাদ বক্তৃতা করেন।